

## অবাক বিস্ময়

□ বরুণা ভট্টাচার্য্য

একদিন আমার গেরামর পরের গেরাম অবায় দিয়া হাটিতরাম। এগু ছোট পুয়ায় আমার লগ ধরছে। পুয়া ওগুয়ে কয় ঠাহরদা বো হউ গালাবায় যাইও না। অন গেলে পরশ আইবায় তুমি। তেউ তার কথা ছনিয়াউ আউগাইলাম। আমি আবার তার হকল কথা বুঝি না। অত গেরামর কথা হকল সময় ছনি না তো। বুইবতে খোড়া অসুবিধা হয়।

হাটিতরাম তো এক দিশায়, দেখি এগু পুড়িয়ে ফুরইন দিয়া উঠান ফুরের। কিতা কইতাম গো, তাই কয় অখান গমানি আই গেছে তুমি পাড়াইবায় চাইয়।

আমি কইলাম আওয়া যাওয়ার পথ আবার গমাইননি গো ওগো বইন কিতা কইলায়। অবায় যাইতাম নানি। অয় দাদু অয়। চল আইজ আমার ঘর যাইবায়। তোমার কথা ছনতে অত ভালা লাগের গো দাদু। বেজান মাতিতে মাতিতে তার ঘর যাইতরাম। একটু আউগাইতেউ দেখি পথ জুতা লইয়া হাটা যায় না। ও দাদু অন পেক, তে দেখি হে কয় তোমার জুতা আমি লই তেউ তুমি আইতায় পারবায়। তে বাড়ীত লই গেলগি। অ মাই বাড়ীত তো লই গেল বাড়ীত নিয়া পাও ধোয়ার জল, গামছা লইয়া আইছে তো না হে পাও ধোয়াইয়া গামছা দিয়া পা মুছাইয়া দিলাইল। আবার একখান পেন্নামউ করিল। এরপরে দেখি বাড়ীর হকল বুড়া-বুড়ি, ছাওয়াল এক এক করি পাও ধরি পেন্নামও করিল, তে কততা খাওয়াইল আমারে, যেন দেফতা পূজা অনউ করিলার। বড়উ ভালা লাগিল অতা তো চউখে দেখা যায় না আইজ কাইল। ভগবান তোমরার মঙ্গল করইন যেন। আস্তে আস্তে বাড়ীবায় রওয়ানা দিলাম। পথ ছনি চিৎকার, কিতা রে.... ছনছচ নি বে ধনদি ..... অজাত কাউচালি করিতরা, কিগুইন বে অবাজুত। অবায় একবাজু লইলাত্রা - দেখি চাই। ওখানো একখান ইসকুল বে। অজাত পুয়াপুড়িনতর কাউচালি -

ও অন খাইতরা বে ইসকুলর পুয়াপুড়িন্তে। অতা তে কিতা অখনকুর কারবার। ইসকুল ভাত খাওয়া, কততা যে মইরবার আগে দেইখমু। ছনবে দেখি - অতায় ডিম ভাত খাইতরা বে। ইসকুল অতা কিতা ও মাই গো অত উরাউড়ি করিতরা কেনে অতায়। মাষ্টর হকল চাইয়া দেখিতরা। অতার হুশ নাই। তবুও অতায় কিতা যে করিতরা। অবায় ডাইন হাত দেইন তো আরেণ্ডর পিছেদি বাউ হাত বাড়াই দিয়া আরেকটা ডিম লইলাইছইন। কিতা যে আরস্ত করছইন পুয়াপুড়িন্তে। কেমনে সামাল দিতা মাষ্টর হকলে।

এরমাঝে এগু পুয়া আইছে হেড স্যারর কাছে, আইয়া কয় আমারে ডিম লইতে

দিছে না স্যার হে, দুইহাত পাতাইয়া দুইখান ডিম খাইলাইছে। আমি যদি আপনারে  
কই, তে আমারে পথে দি আমার বাড়ীত যাইতে দিত নায়। পথ নাক ফাটাই লাইব  
আমার। অতা বিচার করি দিবা আপনে স্যার।

বহুৎ দিন পরে হউ ইসকুলর হউ পুয়াগুর খবর লইলাম, পিটাপাটা খাইছে নি।  
না, হেডস্যারর ডরে হে উল্টা পড়াত অত ভালা অইছে, একেবারে ইসকুলর শেষ  
পরীক্ষাৎ পরতম্ জায়গা দখল করি সুনাম করিলাইছে। ছনিয়া অযাৎ ভালা লাগিল কিতা  
কইতাম। বাক্বা ভালা পড়াগুনা হয় অউ ইসকুল।

\* \* \* \*